জুটিতে হানি–স্নেহা

‘সিঙ্গল ফাদার’-এর গল্প বলতে ছোটপর্দায় ফিরছেন অভিনেতা হানি বাফনা। হানি যে নতুন চরিত্রে আসছেন, সেই খবর আগেই ছড়িয়েছিল টলিপাড়ার অন্দরে। ধারাবাহিকের নাম ‘বাবলি সুন্দরী’। স্টার জলসার পর্দায় সম্প্রচারিত হবে একজন বাবা ও তার মেয়ের মিষ্টি গল্প। ধারাবাহিকে হানির মেয়ের চরিত্রে দেখা যাবে খুদে অভিনেত্রী শ্রীনিকা ঘোষালকে। এর আগে দর্শক শ্রীনিকাকে ‘কথা’, ‘আনন্দী’র মতো বিভিন্ন ধারাবাহিকে দেখেছেন। সোশ্যাল মিডিয়াতেও

■ হানি বাফনা ও স্নেহা গুড়িয়া

শ্রীনিকা বেশ জনপ্রিয় মুখ। এই খুদেরও দারুণ ফ্যান ফলোয়িং রয়েছে।

হানির বিপরীতে দেখা যেতে চলেছে নবাগতা অভিনেত্রী স্নেহা গুড়িয়াকে। জি বাংলার রিয়্যালিটি শো ‘ডান্স বাংলা ডান্স’-এর মঞ্চ থেকে তাঁর পরিচিতি। স্নেহাকে এর আগে দর্শক দেখেছেন কয়েকটি ধারাবাহিকের পার্শ্ব চরিত্রে। এই প্রথমবার ছোটপর্দার নায়িকা হিসেবে ধরা দিতে চলেছেন তিনি। টলিউডের অন্দরের খবর, ইতিমধ্যেই প্রোমো শুটিং হয়ে গিয়েছে এই মেগার।

গল্প অনুযায়ী স্ত্রীর অকালমৃত্যুর পর একা হাতে মেয়েকে সামলাচ্ছে বাবা। মেয়ের আবদার, মন খারাপ সবকিছু সামলাতে গিয়ে হিমশিম খাচ্ছে। কিন্তু হাল ছাড়ছে না সে। মেয়েকে আদর-যত্নে বড় করে তোলাই তার একমাত্র লক্ষ্য। তার এমন সাদামাটা জীবনে হঠাৎই লাগে রঙের ছোঁয়া। জীবনে আসে প্রেম। নায়ক-নায়িকার সেই মিষ্টি বন্ধনে জমে উঠবে গল্প। এখানে উল্লেখ্য, হানির প্রথম স্ত্রীর চরিত্রে দেখা যাবে অভিনেত্রী অমৃতা দেবনাথকে। এই ধারাবাহিকে প্রথমবার স্নেহা ও হানির জুটি দেখবেন দর্শক। নতুন নায়িকাদের সঙ্গে আগেও জুটি বাঁধতে দেখা গিয়েছিল হানিকে। এবার স্নেহার সঙ্গে কেমিস্ট্রি কেমন জমে, সেটাই দেখার।

বড়পর্দায় সপ্তাশ্রী

ছোটপর্দায় অভিনয়ের সুযোগ পেয়েই বড়পর্দায় ভাগ্যের শিকে ছিঁড়েছে নবাগতা অভিনেত্রী সপ্তাশ্রী নন্দর। প্রযোজনা সংস্থা টেন্ট সিনেমা প্রথমবার বড়পর্দায় আসছে। আর সেই ছবিতেই নায়িকার চরিত্রে দেখা যাবে ‘ঘূর্ণি’ ধারাবাহিকের নায়িকা সপ্তাশ্রীকে। তাঁর বিপরীতে নায়কের চরিত্রে দেখা যাবে আরিয়ুন ঘোষকে। ‘অদম্য’ ছবিতে মুখ্য ভূমিকায় ছিলেন তিনি। দর্শক ও সমালোচক মহলে দারুণ প্রশংসিতও হয়েছিলেন। এবার নতুন ছবিটির পরিচালনার দায়িত্বে আছেন অরিজিৎ টোটোন চক্রবর্তী। টলিপাড়ার অন্দরের খবর, এই ছবি এগোবে আদ্যোপান্ত প্রেমের গল্প নিয়েই। নায়ক-নায়িকার প্রেম যখন আছে, তখন সেই প্রেমে বাধা তো থাকবেই। ছবিতে খলনায়কের চরিত্রে অভিনয় করবেন অর্পণ ঘোষাল। অর্পণকে ওটিটিতে নেতিবাচক চরিত্রে দেখা গেলেও বড়পর্দায় এই প্রথম খলনায়ক হবেন তিনি। এছাড়াও ছবিতে গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করছেন আয়েন্দ্রী রায়। জানা যাচ্ছে, ছবির শুটিং চলছে। চলতি বছরের শেষেই তা বড়পর্দায় আসার কথা। প্রসঙ্গত, স্টার জলসায় শুরু হয়েছে নতুন ধারাবাহিক ‘ঘূর্ণি’। এই মেগায় মুখ্য চরিত্রে অভিনয় করছেন কুণাল শীল ও নবাগতা সপ্তাশ্রী। ‘ঘূর্ণি’র হাত ধরেই তাঁর অভিনয়ে প্রথম পথচলা।

■ সপ্তাশ্রী নন্দ

সপ্তাশ্রীর সঙ্গে এতদিন বিনোদন জগতের কোনও পরিচয় ছিল না। নাচকে ভালবেসে এগিয়ে গিয়েছেন তিনি। মডেলিংয়েও দেখা গিয়েছে তাঁকে। তারপরেই হঠাৎ সুযোগ আসে এই ধারাবাহিকের। প্রথমবার অভিনয় জগতে পা দিয়েই মহিলা ক্রিকেটারের মতো চ্যালেঞ্জিং চরিত্রে ধরা দিয়েছেন সপ্তাশ্রী। মেগা শুরুর পর থেকেই দর্শকের ভালবাসা পাচ্ছেন তিনি।

রে টিং সে টিং

টিআরপি–তে কে এগিয়ে

নিবাচনের আবহে নম্বর কমেছে সমস্ত মেগার। চলতি সপ্তাহে ‘বাংলা সেরা’র তকমা পেল জি বাংলার ধারাবাহিক ‘পরিণীতা’। এই সপ্তাহে ৫.২ পেয়ে টিআরপির প্রথম স্থান দখল করেছে এই মেগা। এখন পারুল ও রায়ানের কেমিস্ট্রি একটু একটু করে জমে উঠেছে। পারুলকে নিজের মনের কথা জানিয়েছে রায়ান। তাই বেশ টানটান উত্তেজনাপূর্ণ পর্ব চলছে ধারাবাহিকে। গল্পের মোড়ে তাই প্রথমে আছে পারুল-রায়ান। দ্বিতীয় স্থানে জি বাংলার আরও এক ধারাবাহিক ‘তারে ধরি ধরি মনে করি’। প্রাপ্ত নম্বর ৫.১। এই মেগা ভক্তিরসের মিশেলে ভালই এগোচ্ছে। নায়িকা হিসেবে পল্লবী শর্মা থাকা মানেই সেই ধারাবাহিক দর্শক মহলে জনপ্রিয়তা পায়। এই মেগার ক্ষেত্রেও তার অন্যথা হয়নি। তৃতীয় স্থানে রয়েছে স্টার জলসার ‘পরশুরাম’। এই ধারাবাহিকে বেশ রহস্যময় পর্ব চললেও অন্য ধারাবাহিকের অনুপাতে নম্বর কমেছে। চলতি সপ্তাহে তটিনী ও পরশুরামের মেগা পেয়েছে ৫.০। ৪.৯ নম্বর পেয়ে চতুর্থ স্থানে রয়েছে ‘জোয়ার ভাঁটা’। দুই বোন উজি ও নিশার জীবনের বিভিন্ন মোড় দর্শক বেশ পছন্দ করছেন। তাই শুরু থেকেই এই ধারাবাহিকের গুণগান করতে দেখা যায় শ্রুতি-আরাত্রিকার অনুরাগীদের। পঞ্চমে রয়েছে ‘ও মোর দরদিয়া’। বাণীর অস্তিত্ব প্রমাণের লড়াইয়ে জমে উঠেছে গল্প। এই সপ্তাহে এই ধারাবাহিকের ঝুলিতে আছে ৪.৬। ষষ্ঠ স্থানে রয়েছে তিনটি ধারাবাহিক। ৪.৫ নম্বর পেয়ে একসঙ্গে রয়েছে ‘প্রোফেসার বিদ্যা ব্যানার্জি’, ‘কুসুম’ ও ‘রাঙামতি তীরন্দাজ’। একদিকে যেমন বিদ্যা নতুন সত্যির মুখোমুখি, অন্যদিকে রাঙার জীবনসংগ্রামও আরও বেড়েছে। এদিকে, কুসুম ও আয়ুষ্মানের নতুন প্রেমের শুরুও দর্শকের মনে জায়গা করেছে। সপ্তমে ৪.৪ পেয়ে রয়েছে ‘কনে দেখা আলো’। এখন লাজুর জীবনের নতুন লড়াই দেখতে বেশ উচ্ছ্বসিত দর্শক। অষ্টমে জোড়া ধারাবাহিক। ৪.১ পেয়ে যৌথভাবে এই স্থানে দুই নতুন মেগা ‘প্রতিজ্ঞা’ ও ‘সংসারের সংকীর্তন’-এর প্রথম ১৫ মিনিট। নবমে ‘কমলা নিবাস’ ও ‘লক্ষ্মী ঝাঁপি’। পেয়েছে ৩.৬। দশমে ২.৮ পেয়ে আছে ‘সংসারের সংকীর্তন’। প্রসঙ্গত, চলতি সপ্তাহে ভোটের আবহে নম্বর তলানিতে ঠেকেছে ধারাবাহিকগুলোর। স্টার জলসা থেকে জি বাংলা, সমস্ত মেগারই এক হাল। তবে তার মধ্যেও নতুন-পুরনো মিলিয়ে টিআরপিতে নজর কেড়েছে অনেক ধারাবাহিকই।

একটি টোস্টারের কেরামতি

নতুন ছবিতে কতটা কামাল করলেন রাজকুমার রাও এবং সানিয়া মালহোত্রা? ছবি দেখে লিখছেন পরমা দাশগুপ্ত

ওয়েব ওয়েভ

একটা নতুন টোস্টার!

তার জন্য ঠিক কতদূর যেতে পারে কেউ? বিশেষত সে যদি হয় হাড়কিপটে গোত্রীয়।

জানতে হলে দেখে ফেলতে পারেন ‘টোস্টার’। নেটফ্লিক্সে সদ্য মুক্তি পাওয়া রাজকুমার রাও, সানিয়া মালহোত্রার এই নতুন ছবিতে দিব্যি মিলেমিশে গিয়েছে ডার্ক কমেডি, মার্ডার মিস্ট্রির বুনোট।

গল্পে পারফিউমের দোকানি রমাকান্ত (রাজকুমার) যাকে বলে ১০০ শতাংশ কৃপণ। ফোনের বিল খুঁটিয়ে দেখে ছ’টাকা বাড়তি বিলের টাকা ফেরত পেতে সে ছ’শো বার ফোন করতেও রাজি। ব্রেকফাস্টের টাকা বাঁচাতে যখনতখন সে হানা দিতে পারে প্রতিবেশী বৃদ্ধার বাড়িতে। এ সব সুযোগসুবিধার খোঁজে স্ত্রীর হাজার আপত্তি সত্ত্বেও সে জীবন কাটায় এমন এক আবাসনে, যেখানে সিংহভাগ বাসিন্দাই প্রবীণ। স্বামীর এমন কাণ্ডকারখানায় নাজেহাল স্ত্রী শিল্পা (সানিয়া)। এহেন রমাকান্ত বাধ্য হয় স্ত্রীর গুরুজির মেয়ের বিয়েতে পাঁচ হাজারি টোস্টার উপহার দিতে। বিয়ে বাতিল হয়েছে খবর পেয়ে তাই সে পৌঁছে যায় উপহার ফেরত নিতে। ততক্ষণে তারা বিয়েতে পাওয়া সব উপহার দান করে দিয়েছে এক অনাথাশ্রমে। নাছোড় রমাকান্ত সেখানে গিয়েও পৌঁছয়। এমনকী যে দোকান থেকে সে টোস্টার কেনা হয়েছিল, তাদের সঙ্গেও কথা বলে রাখে ফেরতের ব্যাপারে। এদিকে, অনাথাশ্রমের কর্ত্রী (ফারহা খান) টোস্টার দিতে নারাজ। অগত্যা রাতের অন্ধকারে সেখান থেকে টোস্টার চুরি করে এনে প্রতিবেশী বৃদ্ধার বাড়িতে রেখে দেয় রমাকান্ত।

শেষমেশ কি সেই টোস্টার সে দোকানে পৌঁছে পাঁচ হাজার টাকা ফেরত পেতে সফল হবে? নাকি চুরির হাত ধরে জড়িয়ে পড়বে আরও বড় ঝামেলা-ঝঞ্ঝাটের জালে? রমাকান্তের কীর্তি কি ফাঁস হয়ে যাবে শিল্পার কাছেও? সে সব নিয়েই এগিয়েছে গল্প। ডার্ক কমেডির স্বাদ সাধারণ কমেডির চেয়ে বেশ অন্যরকম। তাতে যদি মিশে যায় অপরাধের পর্দা ফাঁসের গল্প, সে গল্প আরও জোরদার হয়ে উঠবে, এমনটা আশা করাই যায়। কিন্তু এ গল্পের বুনোট ঠিক ততটাও যেন সুস্বাদু হয়ে উঠল না। প্রথম অর্ধে তবু কমেডির প্লটে, রাজকুমার-সানিয়া-ফারহাদের জমাটি অভিনয়ে দিব্যি এগোচ্ছিল গল্প। দ্বিতীয়ার্ধে পৌঁছে রমাকান্তের আবাসনের বাসিন্দা এক বৃদ্ধা, মিসেস ফেরওয়ানি-র (অর্চনাপূরণ সিং) যৌন আকাঙ্ক্ষাকে সাবপ্লট করতে গিয়ে কেমন যেন দলা পাকিয়ে গেল সবটা। দুর্বল চিত্রনাট্য ও বেমানান কিছু দৃশ্যের হাত ধরে আলগা হয়ে গেল ডার্ক কমেডি ও রহস্যের বুনোট। সব মিলিয়ে অন্য স্বাদের উপভোগ্য ছবি হয়ে ওঠার মতো সম্ভাবনা থাকা সত্ত্বেও খানিকটা পোড়া টোস্টের মতোই বিস্বাদ হয়ে দাঁড়াল ‘টোস্টার’। তবু ছবিটা একবার দেখাই যায় তার অভিনয়ের কারণে। রাজকুমারের দুরন্ত কমেডি টাইমিংয়ে জীবন্ত হয়ে ওঠে রমাকান্ত। বিরক্তিকর কৃপণতার বহরেও কেমন যেন মায়া ছড়িয়ে থাকে। তবে চরিত্র বাছাইয়ে এবার বোধহয় রাজকুমারের একটু কৃপণ হওয়াই কাম্য। সানিয়াও যথারীতি দারুণ। গোয়েন্দাসুলভ কৌতূহল, স্বামীর প্রতি রাগ-অভিমান পেরিয়েও অটুট ভালবাসায় রমাকান্ত-শিল্পার রসায়ন মন ছুঁয়ে যায় দুই মুখ্যচরিত্রের হাত ধরেই। মালিনী ফেরওয়ানি হিসেবে অর্চনাও নিঃসন্দেহে জমাটি অভিনয় করেন। তবু তাতে বাধ সাধে চিত্রনাট্য বা দৃশ্যায়নের খামতি। ছোট্ট পরিসরে ফারহা কিংবা প্রতিবেশী গ্লেনের চরিত্রে অভিষেক ব্যানার্জি চোখ টেনেছেন নিজের মতো করেই। অভিনেতাদের হাত ধরেই বৈতরণী পার। সেটাই বোধহয় পাওনা হয়ে থেকে যাবে প্রথম বারের পরিচালক বিবেক দাশ চৌধুরী এবং প্রযোজক পত্রলেখার।

■ টোস্টার–এর একটি দৃশ্য

তথ্য সঙ্কলন: শ্যামশ্রী সাহা, স্নিগ্ধা দে

কার্যালয় কার্যপালন অভিযंता, লোক নিমার্ণ বিভাগ রায়গড় সংভাগ রায়গড়

নিবিদা আমংত্রণ সূচনা

क्रमांक – 2746/NIT–1/2026–2027/ব ले लि — दिनांक : 27.04.2026

निविदा प्रपत्र क्रय करने हेतु आवेदन प्रस्तुत करने की अंतिम तिथि:– 05.05.2026 अपरान्ह 5.30 बजे तक

ठेकेदारों द्वारा प्रस्तुत निविदायें प्राप्त करने की अंतिम तिथि:– 08.05.2026 अपरान्ह 5,30 बजे तक

निविदा खोलने की तिथि:– 11.05.2026 पूर्वान्ह 11.30 बजे तक

एनआईटी क्र. निविदा क्र.	कार्य का नाम	कार्य की अनुमानित लागत (लाख में) अमानत राशि (रू.में) सुरक्षा राशि राजस्व सार्ल्वेसी राशि (रू.में)	निविदा प्रपत्र की कीमत (रू.में)	निविदाकारों की श्रेणी	कार्य की अवधि
1	2	3	4	5	6
1 T0008	सुरजगढ़ नदीगांव मार्ग के किमी. 1/2 महानदी पुल पर टोल टैक्स वसूली वर्ष 2026–27 (01.05.2026 से 31.03.2027 तक) चतुर्थ आमंत्रण	182.48 1824808.00 13686063.00	T 500	सामान्य	31.03.2027 तक वर्षाऋतु सहित

निविदा संबंधी शर्तें विभागीय वेबसाईट www.cg.nic.in/pwdraipur में Live Tender के अंतर्गत निविदा प्रपत्र में उपलब्ध है। इनका अवलोकन संबंधित संभाग कार्यालय में किया जा सकता है।

कार्यपालन अभियंता
लो.नि.वि. रायगढ़ संभाग रायगढ़

G-262700434/1

AXIS BANK — অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

এ সি মার্কেট বিল্ডিং, ৩ নং ফ্লোর, ১ শেক্সপিয়র সরণি, কলকাতা–৭০০০৭১

পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে লেখা তারিখে নিম্নবর্ণিত বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, তৎসহ দাবি বিজ্ঞপ্তির তারিখ থেকে চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদির প্রেক্ষিতে অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে।

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কে সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা	ক) বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ
১. মিঃ জিয়াউর রহমান পিতা, আবদুল গনি **২. মিঃ জাকির হোসেন** পিতা, আবদুল গনি **৩. মনেজা বিবি** স্বামী, জাকির হোসেন **নিবাস:** খোশবাগ, মুলোডাঙ্গা, খোশবাগ, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ–৭৪২১৪৯	ক) লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০১৩৬২১৪৮২-এর অধীনে ₹২০,১৬,১৪৪.৮০/–, ১৬.০৯.২০২৫ অনুযায়ী (এই অর্থাঙ্কে ০১.০৫.২০২৪ পর্যন্ত প্রযুক্ত সুদ অন্তর্ভুক্ত রয়েছে) এবং লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০১৩৬২১৪৯৫-এর অধীনে বকেয়া ₹৩৩,১৭২.৮৫/–, ১৬.০৯.২০২৫ অনুযায়ী (এই অর্থাঙ্কে ০১.০৫.২০২৫ পর্যন্ত প্রযুক্ত সুদ অন্তর্ভুক্ত রয়েছে) খ) ২৮.১০.২০২৫ গ) ২৯.০৪.২০২৬ (প্রতীকী)

তফসিল
বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ

সামান্য কমবেশি ৫ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বেলুন, জে এল নং ১৪, খতিয়ান নং ৩০৮৮, ৩০৮৭, প্লট নং ২৩৫, থানা– মুর্শিদাবাদ, জেলা– মুর্শিদাবাদ, তৎসহ তার ওপর দণ্ডায়মান সমস্ত বিল্ডিং ও কাঠামো।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা	ক) বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ
১. মিঃ অমিত অশোক ঘনশানি পিতা, অশোক ঘনশানি কদম শরিফ, পিলখানা, মুর্শিদাবাদ, জিয়াগঞ্জ, পশ্চিমবঙ্গ–৭৪২১৬৪	ক) লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০১১০২২৭৭৪-এর অধীনে বকেয়া ₹২২,৫৩,৪৮৯.৪২/–, ১৬.০৯.২০২৫ অনুযায়ী (এই অর্থাঙ্কে ০১.১১.২০২৪ পর্যন্ত প্রযুক্ত সুদ অন্তর্ভুক্ত রয়েছে) এবং লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০১১০২২৭৮৭-এর অধীনে বকেয়া ₹৩২,৮৮৪.২০/–, ১৬.০৯.২০২৫ অনুযায়ী, (এই অর্থাঙ্কে ০১.১১.২০২৪ পর্যন্ত প্রযুক্ত সুদ অন্তর্ভুক্ত রয়েছে), খ) ১৩.১০.২০২৫ গ) ২৯.০৪.২০২৬ (প্রতীকী)

তফসিল
বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ

সামান্য কমবেশি ০৬.৬০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– পিলখানা, এল আর প্লট নং ৬৬, ৬৭, এল আর খতিয়ান নং ৭৮১, জে এল নং ৪৭, তৌজি নং ৯, থানা– মুর্শিদাবাদ, এস আর ও– লালবাগ, এ ডি এস আর– লালবাগ, জেলা– মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ– ৭৪২১২২, তৎসহ তার ওপর দণ্ডায়মান সমস্ত বিল্ডিং ও কাঠামো। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– পাকা রাস্তা; দক্ষিণ– মান্নান শেখ; পূর্ব– সুকুমার বিশ্বাস; পশ্চিম– মহম্মদ আলি।

তারিখ: ০১.০৫.২০২৬
স্থান: মুর্শিদাবাদ

অনুমোদিত আধিকারিক
অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

স্টোর ই-প্রকিউরমেন্ট

নিম্নলিখিত কাজের জন্য টেন্ডার আহ্বান করা হচ্ছে:

১. ই-টেন্ডার নং: এনবি২৪৫৯৪২এ, **তারিখ:** ২৮-০৪-২০২৬; **আইটেম বিবরণ:** ৬০ কেভিএ ট্রান্সফর্মার ৭৫০ভি/৪১৫ভি, ৩-ফেজ, ৪ ওয়্যার ভেক্টর কনফিগারেশন স্টার-স্টার, আরডিএসও স্পেসিফিকেশন নং আরডিএসও/পিই/স্পেক/এসি/০০৮০-২০০৭ (রেভ, ২) অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১৫টি। **পিএল কোড (গ্রুপ):** ৪৭২০০১১০; **বায়না মূল্য:** ₹ ৬৮,১৫০/-।

২. ই-টেন্ডার নং: এনবি২৬৫৩২৯, **তারিখ:** ২৮-০৪-২০২৬; **আইটেম বিবরণ:** ডিভি টেস্ট বেঞ্চের সরবরাহ, স্থাপন ও কমিশনিং — ডিজিটাল প্রেশার গেজ ও টাইমার সহ, এস্কট ড্রগ নং ৩কেবি৩৩০৮বি অনুযায়ী, মেক/ব্র্যান্ড - এস্কট। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **মোট পরিমাণ:** ০১টি। **পিএল কোড (গ্রুপ):** ৬৫৯০১১০৯১৪২; **বায়না মূল্য:** ₹ ৫৪,০৪০/-।

৩. ই-টেন্ডার নং: এনবি২৬৫৩৭৪, **তারিখ:** ২৮-০৪-২০২৬; **আইটেম বিবরণ:** (১) ডাম্প ভালভ উইথ ওয়্যার হার্নেস (৩.৫ মিটার) এস্কটস ড্রয়িং নং আইজে১১২০০০০২৪ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **মোট পরিমাণ:** ৫০টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬০১৩০০২১১; (২) কানেক্টর ফর ডাম্প ভালভ (মেল) এস্কটস ড্রগ নং:-১জে১১২০০০০৩৫ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **মোট পরিমাণ:** ৯৬টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬০২১৫০০৭৫; (৩) জাংশন বক্স টু এস্কটস পার্ট নং ১জে১১২০০০০১৩ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১০৭টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬০২২৮০০২৫; (৪) এক্স২ কার্ড কানেক্টর এস্কটস লিমিটেড পার্ট নং ১জে১১২০১০৭৮৮ ডব্লিউএসপি সিস্টেম ফর এলএইচবি কোচেস অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১২টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬০৫৯৪০০৪৮; (৫) জেজেডভি কার্ড ফর ডব্লিউএসপি অফ এলএইচবি কোচেস এস্কটস টু ডিআরজি নং ৩ইবি৮২৪২/১ অথবা সর্বশেষ সংস্করণ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১৫টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬১৪৭০০০১৪; (৬) কানেক্টর ফর স্পিড সেন্সর এস্কটস ড্রয়িং নং ১জে১১২০০০০৩৬ অনুযায়ী। **পরিমাণ:** ১২১টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬১৮২৯০০১৩; (৭) জেএফপি কার্ড ফর ডব্লিউএসপি সিস্টেম অফ এলএইচবি কোচেস এস্কটস টু ড্রগ নং ৩ইবি৮২৪২/৬ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১৫টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬২২৫৩০০২৩; (৮) জেওপি কার্ড ফর এস্কটস মেক ডব্লিউএসপি সিস্টেম অফ এলএইচবি কোচ এস্কটস কোবোটা লিমিটেড ড্রয়িং নং ৩ইবি৮২৪২/৪ অথবা সর্বশেষ সংস্করণ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ২২টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬২২৫৬০০৩৯; (৯) সিপিইউ কার্ড ফর ডব্লিউএসপি অফ এলএইচবি কোচেস টু এস্কটস ড্রগ নং ৩ইবি৮২৪২/৫ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ২০টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬২৭৩৬০০১৬; (১০) জেআইও কার্ড ফর ডব্লিউএসপি সিস্টেম অফ এলএইচবি কোচেস এস্কটস ড্রজি নং অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১৭টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬২৭৮৪০০১৪; (১১) এক্স২ কার্ড অ্যাসেম্বলি টু এস্কটস ড্রজি অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১৩টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬২৯৩৬০০৩২; (১২) এক্সআই কার্ড অ্যাসেম্বলি টু এস্কটস ড্রগ নং-আইজে১১২০১০১৭৭ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১৪টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬৩৫৭০০০১৫; (১৩) স্পিড সেন্সর সহ ২ মিটার কেবল মিলগ্রেড কানেক্টর ড্রগ নং ১জে১১২০০০০২৩ (নতুন) অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১৫২টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬৩৫৭২০০১৪; (১৪) ওয়্যার হার্নেস ফর ডব্লিউএসপি (১৪ মিটার) কানেক্টর সহ এস্কটস পার্ট নং ১জে১১২০০০০৪২ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১৬টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬৩৫৭৩০০১৯; (১৫) কানেক্টর ফর ওয়্যার হার্নেস (ডব্লিউএসপি) টু এস্কটস ড্রগ নং ১জে১১২০০০০৩৭ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ৩৪টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬৩৫৭৮০০১১; (১৬) কমপ্লিট ডব্লিউএসপি সিস্টেম টু আরসিএফ সেট লিস্ট এমপিইএসকিউএসপিএলএইচবি টু আরসিএফ পিএল নং ৩৩৫০০৮৬৬৫ অনুযায়ী। **পরিমাণ:** ৫টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬৩৮৬৪০০১৭; (১৭) এক্সআই কার্ড কানেক্টর এস্কটস পার্ট নং ১জে১১২০১০৭৮৭০০ ডব্লিউএসপি সিস্টেম ফর এলএইচবি কোচেস অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ৭টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬৩৯৩২০২০; (১৮) ডাম্প ভালভ উইথ ওয়্যার হার্নেস (৭.৫ মিটার) এস্কটস ড্রয়িং নং ১জে১১২০০০০৪৩ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ৫০টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬৪৫৩৫০০২৫; (১৯) ওয়্যার হার্নেস ফর ডব্লিউএসপি (২৭ মিটার) কানেক্টর ১জে১১২০০০০৪৪ সহ অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরিমাণ:** ১২টি। **পিএল কোড (গ্রুপ):** ৩৩১৬৫০২২০০২১; (২০) জেজেডপি কার্ড টু এস্কটস ড্রজি নং ৩ইবি ৮২৪২/২ অথবা সর্বশেষ সংশোধিত মেক এস্কটস অনুযায়ী। [ওয়ারেন্টি পিরিয়ড: ডেলিভারির তারিখ থেকে ৩০ মাস] **পরি